কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

# For Procurement of Goods

(Request for Quotation Method)

ISO 9001:2015 certified

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মরিচাল,হুলারহাট,পিরোজপুর

ইনডোর উপকেন্দ্রে "সিসিটিভি ও এক্সেসরিজ" সরবরাহসহ স্থাপনের দরপত্র নং- ১৭/২০২৩-২০২৪

শেখ হাসিনার উদ্যোগ

# পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মরিচাল, হুলারহাট, পিরোজপুর।

ইমেল নং-gmppbs @yahoo.com

তারিখঃ- ১৩ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

স্মারক নং-২৭.১২.৭৯৮০.৫২১.০১.০৩৮.২০২৩ . ২০৩৪

বিষয়ঃ <u>ইনডোর উপকেন্দ্রে সিসিটিভি ও এক্সেসরিজ সরবরাহসহ স্থাপনের কোটেশন (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (দরপত্র নং- ১৭/২০২৩-২০২৪)।</u>

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির কাউখালী ইনডোর উপকেন্দ্রের জন্য সিসিটিভি ও এক্সেসরিজ সরবরাহসহ স্থাপনের লক্ষ্যে সরকার
১. অনুমোদিত প্রকৃত উৎপাদনকারী/এজেন্ট/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে কোটেশন
পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

সিসিটিভি ও এক্সেসরিজ সরবরাহসহ স্থাপনের লক্ষ্যে সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার
২. বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

এতদ সংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট
৩. www.pbs.pirojpur.gov.bd-হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত
কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে পিরোজপুর পবিস হতে কোটেশন
দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও
৪. সময়ে কোটেশন আহ্বানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) জেনারেল ম্যানেজার, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলারহাট,
পিরোজপুর অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার
সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিলের ক্ষেত্রে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়)
প্রয়োজন হবে না।

সিলমোহরকৃত খাম আগামী ০৪-১২-২০২৩ খ্রিঃ তারিখ এবং সময় ১২:০০ ঘটিকায় কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা
৬. যাবে। কোটেশনের খামের উপর "সিসিটিভি ও এক্সেসরিজ সরবরাহসহ স্থাপন" এবং আগামী ০৪-১২-২০২৩খ্রিঃ তারিখ বেলা ১২:০৫
ঘটিকা এর আগে খোলা যাবে না মর্মে সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমুহ ০৪-১২-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা
হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট www.pbs.pirojpur.gov.bd এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. সন্তোষজনকভাবে সিসি টিভি সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত
মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ হালনাগাদ বৈধ ট্রেড
লাইসেন্স, আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র, ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত অনুলিপি, যে কোনো তফসিলি ব্যাংক থেকে
হালনাগাদ ব্যাংক সার্টিফিকেট দাখিল করতে হবে (ফটোকপি হলে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত)। এগুলো
ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩. মূল্যায়ণ কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ণ করবে। চুক্তি সম্পাদনের জন্য
সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, পিরোজপুর

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ণ কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ)দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সিসি ক্যামেরা সরবরাহের কাজ সম্পাদন করতে হবে।

১৬. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিলপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৭. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৮. দরপত্র দাখিলের পূর্বে মালামালের কোয়ালিটি/স্পেসিফিকেশন ইত্যাদি সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে অত্র পবিসের এজিএম (প্রশাসন/আইটি) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৯. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল এ বর্ণিত মালামালসমূহ অবশ্যাই সরবরাহের পূর্বে অত্র পবিসের যথাযথ কর্তৃপক্ষকে মালামালের নমুনা দেখিয়ে অনুমোদন গ্রহণ করতঃ সরবরাহ ও স্থাপন নিশ্চিত করতে হবে।

২৮-১১-২৩

(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থা পরিচালন (দঃঅঃ)পরিদপ্তর , বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০৩। জেলা প্রশাসক, পিরোজপুর/বরগুনা।
০৪। পুলিশ সুপার, পিরোজপুর/বরগুনা।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
০৬। মেয়র, পৌরসভা, পিরোজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ................................পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, পিরোজপুর।
০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, পিরোজপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার,.....................................পিরোজপুর।

(০৩–১০:) নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১। ডিজিএম, (সদর-কারিগরী)/স্বরুপকাঠী/নাজিরপুর/পাথরঘাটা/মঠবাড়ীয়া জোনাল অফিস, পিপবিস।
১২। এজিএম (ওএন্ডএম), ভান্ডারিয়া/বামনা সাব-জোনাল অফিস, পিপবিস।
১৩। এজিএম (অর্থ-হিসাব/আইট), পিপবিস [এজিএম (আইটি) ওয়েব সাইডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন]।
১৪। মেসার্স ...................................................................।
১৫। নোটিশ বোর্ড, পিরোজপুর পবিস।
১৬। অফিস কপি/মাষ্টার কপি।

২৮-১১-২৩

(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার ।

# কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

তারিখ: -------------

কোটেশনের স্মারক নম্বর:..........................................

প্রতি

---------------------------

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে সিসিটিভি ও এক্সেসরিজ সরবরাহসহ স্থাপনের জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা -------------------------কথায়ঃ------------------------------

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে,আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ...........................খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর

তারিখ

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

| ক্রঃ নং | আইটেম নম্বর | মালামালের বিবরণ | পরিমাণের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | | Bullet Camera | টি | 5 টি | | | | পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ০২ | | Dome Camera | টি | 3 টি | | | | |
| ০৩ | | NVR 8 Port (Eight channel) | টি | 1 টি | | | | |
| ০৪ | | Switch (POE) 16 Port | টি | 1 টি | | | | |
| ০৫ | | LED Monitor 21.5″ | টি | 1 টি | | | | |
| ০৬ | | Hard Disk 4TB | টি | 1 টি | | | | |
| ০৭ | | Online UPS 3KVA | টি | 1 টি | | | | |
| ০৮ | | UTP Cat-6 Cable | ফিট | 400 ফিট | | | | |
| ০৯ | | RJ-45 Connector | টি | 25 টি | | | | |
| ১০ | | Camera Housing | টি | 5 টি | | | | |
| ১১ | | 9U Rack | টি | 1 টি | | | | |
| ১২ | | Installation, Tasting & commissioning with Supply all required accessories and PVC Pipe. | টি | 8 টি | | | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলারহাট, পিরোজপুর |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য --- ------------------------------------- |
| প্রস্তাবিত সরবরাহ | ১০ (দশ) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | পূর্ণ ০১ (এক) বছর । |

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: -------------------- |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ সংযুক্ত।

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে সংযুক্ত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | |
| কোটেশনদাতার নাম | তারিখ: ------------------ |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগবী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভঅবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে পণ্যে অন্তর্ভূক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল( যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (br ochur es) সংযুক্ত করবে।

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি
স্থাপিত ১৯৮৪
পিরোজপুর

# Specification for CCTV CAMERA (IP BASE) & ACCESSORIES

| 4 MP Fixed Bullet Network Camera | |
|---|---|
| **Description** | **Minimum Required Specification** |
| Brand | To Be Mention By Tenderer |
| Model | To Be Mention By Tenderer |
| Country of Origin | To Be Mention By Tenderer |
| Country of Manufacturer | To Be Mention By Tenderer |
| **Technical Specification** | |
| ASMAG | Brand Should be at top 5 in Surveillance Ranking |
| Image Sensor | Min. ½.9” Progressive Scan CMOS |
| Min. Illumination | Min Color: 0.02 Lux @ (F1.0, AGC ON) or Higher |
| Wide Dynamic Range | 120 dB |
| Lens Mount | M12 |
| IR Range | Min. 30 m |
| Visula Alarm | Yes |
| Resolution | Minimum 2560x1440 |
| Video Compression | H.265/H.264/H, 265/MJPEG |
| Video Bit Rate | Min. 32 Kbps to 6144 Kbps |
| Protocols | TCP/IP, ICMP, HTTP, HTTPS, FTP, DHCP, DNS, DDNS, NTP, SMTP, IGMP, Ipv4, Ipv6, UDP, ARP, SNMP |
| Bit Rate Control | CBR/VBR |
| Region of Interest (ROI) | 1 fixed region for main stream and sub-strem |
| Audio Compression | G.711A/G. 711Mu/G. 726 |
| User/Host | Min. 20 users. 3 user levels: administrator, operator and user |
| Image Enhancemnet | BLC, HLC, 3D DNR |
| API | Open Network Video infterface ( PROFILES, PROFILE G), ISAPI |
| Ethernet Interface | 1 RJ45 10M/100M self-adaptive Ethernet port |
| Power Supply | 12 VDC ±25%; PoE: 802.3af |
| Camera Material | Metal & Plastic |
| Protection | IP67 |
| Warranty | 01 (One) Year |

| 4 MP Network Dome Camera | |
|---|---|
| **Description** | **Minimum Required Specification** |
| Brand | To Be Mention By Tenderer |
| Model | To Be Mention By Tenderer |
| Country of Origin | To Be Mention By Tenderer |
| Country of Manufacturer | To Be Mention By Tenderer |
| **Technical Specification** | |
| ASMAG | Brand Should be at top 5 in Surveillance Ranking |
| Image Sensor | Min. ½.9" Progressive Scan CMOS |
| Illumination | Min Color: 0.01 Lux @ (F2.0, AGC ON), 0Lux with Light |
| Wide Dynamic Range | 120 dB |
| Lens Mount | M12 |
| IR Range | Min. 30 m |
| Resolution | Minimum 2560x1440 |
| Video Compression | H.265/H.264/H, 265/MJPEG |
| Bit Rate Control | CBR/VBR |
| Region of Interest (ROI) | Min. 1 fixed region for main stream and sub-strem |
| Audio Compression | G.711ulaw/G. 711alaw/G.722.1/G. 726/MP2L2/ PCM/MP3/AAC |
| Simultaneous Live View | Up to 6 Channel |
| Protocols | TCP/IP, ICMP, HTTP, HTTPS, FTP, DHCP, DNS, DDNS, NTP, SMTP, IGMP, Ipv4, Ipv6, UDP, ARP, SNMP |
| API | Open Network Video infterface, ISAPI |
| Image Enhancemnet | BLC, HLC, 3D DNR |
| Communicaton Interface | 1 RJ45 10M/100M self-adaptive Ethernet port |
| Basic Event | Motion detection, video tampering alarm, exception |
| Power Supply | 12 VDC +25%;<br>PoE: 802.3af |
| Material | Metal & Plastic |
| Protection | IP67 |
| Warranty | 01 (One) Year |

| 8 Channel NVR | |
|---|---|
| **Descriptions** | **Minimum Required Specification** |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| **Technical Specification** | |
| IP video input(Minimum) | Minimum 8-channel |
| | Minimum 8MP resolution |
| Two-way audio | 1-ch, RCA(2.0 Vp-p, 1kΩ) |
| Minimum Incoming bandwidth | Min. 80 Mbps |
| ASMAG | Brand Should be at top 5 in Surveillance Ranking |
| Minimum Outgoing band width | Min.80 Mbps |
| Minimum Remote connection | Min.32 |
| Recordingresolution | Min.8MPresolution |
| Video output mode | HDMI/VGA simultaneous output |
| Decoding format | H.265+/H.265/H.264/H.264 |
| Synchronous playback | 8-ch |
| Network protocols | TCP/IP,DHCP,DNS, DONS,NTP,SMTP, NFS, HTTPS Or Equivalent. |
| SATA | Min.1SATA interfaces |
| Capacity | Upto 4TB capacity for each HDD |
| Networkinterface | Minimum 1 ,RJ-45 10/100/1000 Mbps self-adaptive Ethernet interface |
| USB interface | Front panel:1xUSB2.0; Rear panel:1x USB2.0 |
| Warranty | 01(One) Year |

| 16-Port PoE Network Switch | |
|---|---|
| Descriptions | Minimum Required Specification |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| **Technical Specification** | |
| ASMAG | Brand Should be at top 5 in Surveillance Ranking |
| Ports Number | 6X/100Mbps PoE ports |
| Port Type | RJ45 prot, full duplx, MDI/MDI-X adaptive |
| Standard | IEEE 802.3, IEEE 802.3u, IEEE 802.3x |
| Forwarding mode | Store-and-forward switching |
| Ports for long- distance transmission | Port 1 to 16 |
| MAC Table Size | 4K |
| Switching capacity | Min. 7Gbps |
| Packet forwarding rate | Min. 5 Mbps |
| Internal Cache | Min. 2.5 Mnits |
| PoE Standard | IEEE 802.3af, IEEE 802.3af |
| PoE Port | Ports 1 to 16 |
| Max. Port power | Min. 30 W |
| Poe Power budget | Min. 130 W |
| Max. power consumption | 200 W or Less |
| Power Supply | 100 to 240 VAC |
| Warranty | 01 (One) Year |

| 22 inch Monitor | |
|---|---|
| **Descriptions** | **Minimum Required Specification** |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| **Technical Specification** | |
| DisplaySize | 21.5 inches / 51:l.61 cm |
| Shape | Wide Screen Monitor |
| Display Type | FULL HD 1080p |
| Display Resolution | Minimum 1920x1080 at 60Hz |
| Brightness | 250 cd/m2 |
| Contrast Ratio | 1000:1 (Typical) |
| Connectivity | VGA&HDMI |
| Typical viewing angle | 178° Degree (H)/178° Degree (V) |
| Backlight Technology | LED Edgelight System |
| Response Time | 5 m stypical (black to gray, gray to black) |
| Aspect Ratio | >16:9 |
| Panel Type | In-Plane Switching (IPS); Anti-glare with 3H hardness |
| Speaker | NO |
| Colou r depth | 16.7 Million Colours |
| I/OSlots | NO |
| Warranty | 01 (One) Years |

| 4TB Surveillance HDD | |
|---|---|
| Descriptions | Minimum Required Specification |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| CountryofOrigin | To Be Mentioned By Tenderer |
| | To Be Mentioned By Tenderer |
| **Technical Specification** | |
| Specifications | Minimum 4TB |
| ProductType | Surveillance HDD |
| Interface | SATA 6Gb/s |
| Cache,MB | 128 |
| Surveillance Performance | |
| Surveillance Performance Max Sustained DataRate,ODRead(MB/s) | 180 |
| Warranty | 01 (One) Year |

| **3 KVA Online UPS** | |
|---|---|
| Brand | Internationally Reputed Brand. |
| Model | Internationally Reputed Brand. |
| Country of Origin | Internationally Reputed Brand. |
| Capacity | Minimum 3000 VA or Higher |
| Backup time | Minimum 15-30 Minutes depending on load |
| Input voltage range | Min.I10-280VAC. |
| Frequency | 50Hz±5%. |
| Protection | Fuse. |
| Outpu tvoltage | 220VAC±5%. |
| Transfer time | Oms |
| Battery | Min.6pcs with 12V&7Ah |
| Recharge time | Min 4-8hrs to 90% after fully discharge. |
| No. of battery blocks | Min.6 |
| Protection | Built-in Automatic voltage Regulator with lightning surge protection, Spike burnouts, over voltage & under Voltage cut-off, Battery low & over charge protection & Surge protection. |
| Accessories | Completed with configuration as per site requirement. |
| Warranty | 01(One)Years. |

| **UTP Cat-6 PVC 23 AWG Cable** | | |
|---|---|---|
| Descriptions | Minimum Required Specification | |
| Brand | To Be Mentioned By Tenderer | |
| Model | 1o Be Mentioned By Tenderer | |
| Country of Origin | To Be Mentioned By Tenderer | |
| | To Be Mentioned By Tenderer | |
| **Technical Specification** | | |
| Category | Cat.6 | |
| Reference standard | ISO/IECI 1801, ANSI/TIA-568-C.2, RoHS2.0 | |
| Fire resistance | No | |
| Conductor | Material | Solid-Bare Copper(99.95%) |
| | Diameter | 0.55±0.005mm, 23AWG |
| Insulation | Material | HDPE |
| | Diameter | 0.98±0.05mm |
| Sheath | Thickness | 0.50±0.10mm |
| | Diameter | 6.00±0.30mm |
| | Material | PVC |
| | Color | Orange |
| Rip-cord | Yes | |
| Separator . | Yes | |

| **RJ-45 Connector, Cat-6** | |
|---|---|
| Descriptions | Minimum Required Specification |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| **Technical Specification** | |
| Product | RJ-45 Connector, Cat-6 |
| Plug Type | RJ-45, Cat-6 |
| Ethernet Speed | Gigabit |
| MoldingType | snag-less |
| Maximum data signal | Yes |

| **HousingUnit** | |
|---|---|
| Brand | To be Mentioned by bidder |
| Model | To be mentioned |
| Type | Outdoor |
| Materials | Almunium or SS |
| Description | To be supplied and set as per camera |
| Others | Sample Housing unite to be approved by the authority before installation |

| **PVC Pipe/ Channel** | |
|---|---|
| **Descriptions** | **Minimum Required Specification** |
| Brand | Mention By the tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| Technical Specification | PVC Pipe/Channel 0.75/1 inch dia minimum wall thickness 1.5mm. |

| 9U Rack WallMount Rack With PDU | |
|---|---|
| **Descriptions** | **Minimum Required Specification** |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Orgin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| Technical Specification | |
| Dimension | 9U 500mm(H)x600mm(W)x450mm(D) |
| Front Door | Single glass front door with vented holes & silver hande lock |
| Rear Panel | Rear panel with hanging plate |
| Side Panels | Steel Sheet side panels with Round Lock |
| Mounting profile | 1.5mm thickness, others are 1.2mm thicknes |
| Cooling Fans | Min 2 Pcs with 3pin Power Cord |
| Color | Black |
| Cable Entry | Top & Bottom |
| Philip screws and Nuts | Min 20 Sets |
| PDU | 13 AMP Min 6way PDU with 3Pin Plug |

| Installation Configuration, Cable Laying and Service | |
|---|---|
| **Technical Specification** | |
| UTP and Power Cable Laying-Surface | UTP Cable and power Laying in building Surface area with Concealed with PVC Pipe/ Channel |
| Installation & Configuration of all CCTV Solution | VMS Configuration & Camera Installation |
| Warranty | 1(One) Year Service warranty |

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মরিচাল, হুলারহাট, পিরোজপুর।

বিষয়ঃ সিসিটিভি ও এক্সেসরিজ সরবরাহসহ স্থাপনের কার্যাদেশ ।

ক্রয় আদেশ নম্বর_২৭.১২.৭৯৮০.৫২১.০১.০৩৮.২৩........, তারিখ-..........................খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন নম্বর:____________________ | তারিখ : --------- |
| প্রতি:<br>--------------------------- | |
| মালামাল সরবরাহের তারিখ: ---------------------- | পণ্যের মূল্য: টাকা ---------------------- |
| সরবরাহ: .শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ০৪-১২-২০২৩খ্রিঃ তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে অত্র পবিসের কাউখালী ইনডোর উপকেন্দ্রে সিসিটিভি ও এক্সেসরিজ সরবরাহসহ স্থাপনের নিমিত্তে --------------------টাকার কথায়------------- কাযাদেশ প্রদান করা হলো। উল্লিখিত মলামাল সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো ।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| সংযুক্ত তালিকা। |
| (আবু উমাম মোঃ মাহবুবুল হক)<br>জেনারেল ম্যানেজার। |
| তারিখ---------------- খ্রিঃ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক।

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি ১৯৮৪ পিরোজপুর

পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলীঃ

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১০ দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে মালামাল সরবরাহ এবং কর্তৃপক্ষের নিকট প্রদর্শন সাপেক্ষে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্থাপনের কাজ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক প্রদত্ত মালামাল ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে------------------------------ [কথায়ঃ---------------- --------------------------------- ]

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [পূর্ণ ০১ বছর]।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিস্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোন দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

২২. নির্ধারিত তারিখের মধ্যে যথাযথভাবে মালামাল সরবরাহসহ স্থাপন করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিলসহ প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩. যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতি দিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে সরবরাহকৃত মালামালের মূল্য হইতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

সরবরাহকারীর জন্য

(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার।

নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর
তারিখঃ

তারিখঃ